

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫ ১৮  
ধর্মনগর, ৩ নভেম্বর, ২০২৩

**আসন্ন কালীপূজা ও দীপাবলি উৎসব উপলক্ষে উত্তর জেলায় প্রস্তুতি সভা**

উত্তর ত্রিপুরা জেলায় আসন্ন কালীপূজা ও দীপাবলি উৎসব শাস্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে গত ১ নভেম্বর এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের সভাপতিত্বে বিবেকানন্দ সার্ধশত বার্ষিকী ভবনে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় কালীপূজা ও দীপাবলি উৎসবকে শাস্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন বিষয়ে গুরুত্ব আরোপ করেন অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। সেবামূলক কাজ এবং দুঃস্থদের সহায়তা করার জন্য ক্লাবগুলির প্রতি আহ্বান জানান অধ্যক্ষ। পূজোর দিনগুলিতে নিরবিছিন্ন বিদ্যুৎ সরবরাহ, যথাযথ ট্রাফিক ব্যবস্থা, বিভিন্ন জরুরী তেলপ্লাইন নাম্বার প্যান্ডেলের সামনে লাগিয়ে রাখা, পূজার প্যান্ডেলগুলিতে অগ্নি নিরাপত্তা ব্যবস্থা রাখা ইত্যাদি বিষয় নিয়ে সভায় আলোচনা করা হয়। প্রস্তুতি সভায় ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার, উত্তর জেলার জেলাশাসক ও সমাহৃতা দেবপ্রিয় বর্ধন, জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, ধর্মনগরের মহকুমা শাসক বিবেক এইচ বি, বিভিন্ন ক্লাবের প্রতিনিধিগণ, বিভিন্ন দণ্ডের আধিকারিকগণ প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*